



## ড্যাফোডিল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ইন্টার্নশিপের সুযোগ চীনে

চীনের আন্তর্জাতিকমানের পাঁচ তারকা হোটেলে ও রিসোর্টগুলোতে ইন্টার্নশিপের সুযোগ পাচ্ছেন ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের শিক্ষার্থীরা। চীনের হেইনান কলেজ অব ভ্যাকেশনের সহায়তায় এ ইন্টারশিপ প্রোগ্রাম পরিচালিত হবে। এ সংক্রান্ত এক সেমিনার বৃহস্পতিবার ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে অনুষ্ঠিত হয়েছে। সেমিনারে প্রধান অতিথি ছিলেন ইউনিভার্সিটির ভিসি অধ্যাপক ড. ইউসুফ মাহবুবুল ইসলাম। সংবাদ বিজ্ঞপ্তি।